অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/14/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল প্রধান ডিজ্যাবিলিটি কর্মকর্তার অফিস স্থাপন করলেন

কিম্বার্লি টি. হিলকে স্টেটের প্রথম প্রধান ডিজ্যাবিলিটি কর্মকর্তা হিসেবে নিযুক্ত করলেন

গভর্নর ক্যাথি হোকল আজকে অক্ষমতাসহ মানুষের পক্ষে কাজ করার জন্য প্রধান ডিজ্যাবিলিটি কর্মকর্তার অফিস (Office of the Chief Disability Officer) স্থাপন করার ঘোষণা করলেন এবং কিম্বার্লি টি. হিলকে স্টেটের প্রথম প্রধান ডিজ্যাবিলিটি কর্মকর্তা (Chief Disability Officer.) হিসেবে নিযুক্ত করলেন।

"আমার প্রশাসন সকল নিউ ইয়র্কবাসীর জন্য বৈষম্যের ভয়মুক্ত হয়ে আমাদের স্টেটে বেঁচে থাকার ও কাজ করার অধিকার সুরক্ষিত করতে প্রতিশ্রুতিবদ্ধ," **গভর্নর হোকল বলেন।** "আমাদের সবথেকে দুঃস্থ সম্প্রদায়ের সুরক্ষাকে অগ্রাধিকার প্রদান আমাদের জন্য অতি গুরুত্বপূর্ণ, এবং নতুন প্রধান ডিজ্যাবিলিটি কর্মকর্তার অফিসটি নিশ্চিত করবে আমরা যাতে আরো বৈচিত্র্যময়, অন্তর্ভুক্তকারী, এবং ন্যায্য নিউ ইয়র্ক তৈরির পথে জবাবদিহি করতে বাধ্য থাকি।"

1983 সালে, নির্বাহী আদেশ 26 দ্বারা স্টেটের প্রতিবন্ধী অ্যাডভোকেট অফিস (State Office of the Advocate for the Disabled) স্থাপন করা হয়। অফিসের প্রধান কাজ ছিলো অক্ষমতাসহ মানুষের পক্ষে কাজ করা এবং সম্প্রদায়টির প্রতি বৈষম্য প্রতিরোধ করতে আইন বাস্তবায়ন করা।

কিন্তু, যখন 2011 সালে কোয়ালিটি অফ কেয়ার এবং অক্ষমতাসহ মানুষের জন্য অ্যাডভোকেসির কমিশন (Commission on Quality of Care and Advocacy for Persons with Disabilities, CQC) স্থাপিত হয় তখন এই অফিসটির কর্মকাণ্ড ও দায়িত্বের একটি বড় অংশ কমিশনের কাছে চলে যায়। এরপর যখন বিশেষ চাহিদাসম্পন্ন মানুষের সুরক্ষার জন্য ন্যায়বিচার কেন্দ্র তৈরি (Protection of People with Special Needs, The Justice Center) করা হয় তখন CQC-কে ভেঙ্গে দেওয়া হয়।

যদিও অক্ষমতাসহ মানুষদের জন্য উপলভ্য পরিষেবার ক্ষেত্রে অনেক অগ্রগতি হয়েছে, তবুও সম্পূর্ণ অক্ষম সম্প্রদায়ের যেমন, শারীরিক সেন্সরি, চলাচল, বুদ্ধিগত, বিকাশগত, এবং মনস্তাত্ত্বিক অক্ষমতাসহ মানুষদের প্রয়োজনকে অগ্রাধিকার প্রদান করতে একজন ভালো-সংস্থান প্রাপ্ত অফিসের নেতৃত্ব দানকারী প্রধান ডিজ্যাবিলিটি কর্মকর্তা থাকা অত্যন্ত গুরুত্বপূর্ণ।

বিকাশগত অক্ষমতাসহ মানুষের জন্য অফিসের (Office for People With Developmental Disabilities) ভারপ্রাপ্ত কমিশনার কেরি নিফিল্ড বলেন, "OPWDD তে, আমরা গভর্নর ক্যাথি হোকলের প্রশংসা করছি নিউ ইয়র্ক স্টেটব্যাপী অক্ষমতাসহ মানুষকে এটি দেখানোর জন্য যে তার প্রশাসনে তাদের পক্ষে জন্য একজন দৃঢ় ও সমর্থিত বক্তা রয়েছে। প্রধান ডিজ্যাবিলিটি কর্মকর্তা নিয়োগ শুধু অক্ষমতাসহ নিউ ইয়র্কবাসীর অধিকার রক্ষার চালিকাশক্তি প্রদান করবে না, বরং এই নতুন পদটি এটি নিশ্চিত করতেও সাহায্য করবে যে মানুষ যাতে তাদের পছন্দের সম্প্রদায়ে যতটা সম্ভব স্বাধীনভাবে বাস করতে পারে এবং তাদের ব্যক্তিগত লক্ষ্য অর্জনে সম্পূর্ণ সমর্থন পায়, এবং বিভেদ দূর করে তাদের প্রয়োজনীয় সমর্থনের উপলভ্যতা নিশ্চিত করতে সাহায্য করে।"

মানসিক স্বাস্থ্য অফিসের (Office of Mental Health) কমিশনার ডাঃ অ্যান সালিভান বলেন, "নিউ ইয়র্ক স্টেটে একজন প্রধান ডিজ্যাবিলিটি কর্মকর্তা নিয়োগ করা বিশেষ চাহিদাসম্পন্ন নিউ ইয়র্কবাসীদের জন্য ন্যায্যতা, অন্তর্ভুক্তি এবং সুযোগের উপলভ্যতা নিশ্চিত করার অতি জরুরি লক্ষ্য অর্জনের পথে একটি অত্যন্ত স্বাগত ধাপ। নিউ ইয়র্ক স্টেটের জন্য এটি অক্ষমতার ব্যাপারে সচেতনতা বৃদ্ধি করার এবং দৃষ্টিভঙ্গি বদলানোর একটি সুযোগ। গভর্নরের স্টেটের প্রথম প্রধান ডিজ্যাবিলিটি কর্মকর্তা বাছাই দারুণ হয়েছে। পদটির জন্য কিম্বার্লি টি. হিলের মতো যোগ্য কেউ নেই, যেহেতু অক্ষমতাসহ মানুষের পক্ষে কাজ করার ব্যাপারে তার বিস্তৃত অভিজ্ঞতা রয়েছে।"

চিলড্রেন এবং ফ্যামিলি সার্ভিসেস অফিসের (Office of Children and Family Services, OCFS) কমিশনার শিলা জে. পুল বলেন, "OCFS আমাদের স্টেটে একজন প্রধান ডিজ্যাবিলিটি কর্মকর্তা নিয়োগ করাকে উদযাপন করছে। অক্ষমতাসহ মানুষের প্রতি বৈষম্য প্রতিরোধ ও তাদের প্রয়োজনের পক্ষে কাজ করা নিশ্চিত হলে তা স্টেটব্যাপী ন্যায্যতা ও অন্তর্ভুক্তির একটি শক্তিশালী সংস্কৃতি তৈরি করবে। এবং প্রতিবন্ধী সম্প্রদায়ের প্রয়োজনগুলি পলিসিতে অন্তর্ভুক্ত করা হবে, যা অতি জরুরি। OCFS বিশেষভাবে আনন্দিত কারণ নিউ ইয়র্ক স্টেটের অন্ধদের জন্য কমিশন (Commission for the Blind) আমাদের অধীনে রয়েছে।"

চিলড্রেন এবং ফ্যামিলি সার্ভিসেস অফিসের অন্ধদের জন্য কমিশনের কমিশনার জুলি হুভি বলেন, "আমরা প্রধান ডিজ্যাবিলিটি কর্মকর্তার অফিসকে সমর্থন করতে পেরে অত্যন্ত আনন্দিত। এটি হলো অক্ষমতাসহ মানুষদের নিউ ইয়র্ক স্টেটে ব্যক্তিগত ও পেশাদারভাবে সেরা কাজ করার ক্ষেত্রে সহায়তা করার জন্য আকর্ষণীয় ও প্রয়োজনীয় সংস্থান। অক্ষমতাসহ মানুষদের জন্য নিউ ইয়র্ক স্টেটের প্রদত্ত সকল কিছু সম্পূর্ণরূপে উপলভ্য থাকা উচিত, এবং একসাথে আমরা নতুন সুযোগ সৃষ্টি করতে পারবো এবং একইসাথে সত্যিকারের সুযোগের উপলভ্যতার গুরুত্ব বুঝতে পারবো। কমিশন অন্ধ ও দৃষ্টিশক্তিহীন নিউ ইয়র্কবাসীদের সাহায্য করার ব্যাপারে গভর্নর হোকলের দৃঢ় অঙ্গীকারের জন্য তাকে ধন্যবাদ জানাচ্ছে।"

নিউ ইয়র্ক স্টেটের প্রধান ডাইভার্সিটি কর্মকর্তা (New York State Chief Diversity Officer) জুলিসা গুতিয়েরেজ বলেন, "কিম্বার্লি টি. হিলকে স্টেটের নতুন প্রধান ডিজ্যাবিলিটি কর্মকর্তার অফিসের নেতৃত্ব দিতে স্বাগত জানাতে পারা একটি সম্মানের ব্যাপার। ঘোষণাটি হলো

স্টেটব্যাপী বৈচিত্র্য, সমতা, এবং অন্তর্ভুক্তি অগ্রসর করার ক্ষেত্রে গভর্নর হোকলের প্রতিশ্রুতির প্রমাণ। প্রতিনিধিত্বের গুরুত্ব রয়েছে এবং এই ঘোষণাটি করে যে বাস্তব অভিজ্ঞতার ভিত্তিতে নেতা নির্বাচনের গুরুত্বও প্রদর্শন করে। আমি কিমের সাথে কাজ করার জন্য উন্মুখ, তিনি এই বিষয়ে একজন বিশেষজ্ঞ এবং অক্ষমতাসহ মানুষের পক্ষে নিরলস কাজ করছেন।"

কিম্বার্লি টি. হিল স্টেটের প্রথম প্রধান ডিজ্যাবিলিটি কর্মকর্তা হিসেবে নিযুক্ত হয়েছেন। মিস হিল সর্বশেষ নিউ ইয়র্ক স্টেট অ্যাসেম্বলির অক্ষমতাসহ মানুষের স্ট্যান্ডিং কমিটির (State Assembly Standing Committee on People with Disabilities) প্রধান বিশ্লেষক হিসেবে কাজ করেছেন। এর পূর্বে তিনি অক্ষমতাসহ মানুষের অ্যাসেম্বলি টাস্ক ফোর্সের (Assembly Task Force on People with Disabilities) পরিচালক হিসেবে কাজ করেছেন, যা মূলত শারীরিক ও সেন্সরি অক্ষমতাসহ মানুষের সমস্যার ব্যাপারে কাজ করে। সেই পদে মিস হিল অক্ষমতা অ্যাডভোকেটদের সাথে, অ্যাসেম্বলির প্রধান ও কর্মীদের সাথে একাধিক অগ্রাধিকার সমস্যা নিয়ে কাজ করেছেন যার ফলে মোস্ট ইন্টিগ্রেটেড সেটিং কোঅর্ডিনেটেড কাউন্সিল (Most Integrated Setting Coordinating Council, MISCC), নার্সিং ফ্যাসিলিটি ট্রানজিশন এবং ডাইভার্সন ওয়েভার (Nursing Facility Transition and Diversion Waiver), নিউ ইয়র্ক স্টেটের মেডিকেইড বাই-ইন কর্মসূচীর (New York State's Medicaid Buy-In Program) মতো বিল পাশ হয়েছে, এবং অক্ষমতাসহ আমেরিকানদের অ্যাক্টের (Americans with Disabilities Act, ADA) শিরোনাম II ও III কে স্টেটের আইন হিসেবে কোডিফিকেশন হয়েছে।

এছাড়াও মিস হিল অ্যাসেম্বলির জন্য 24টি বিধানিক অক্ষমতা সচেতনতা দিবসের (Legislative Disabilities Awareness Days০ সমন্বয় করেছেন, যেখানে প্রতি বছর শত শত মানুষ একত্রিত হয়ে বিধায়ক, কর্মী এবং অন্যান্যদের অক্ষমতার সমস্যাসমূহের ব্যাপারে জানিয়েছে এবং অক্ষমতাসহ মানুষ ও তাদের পক্ষে কাজ করা ব্যক্তিদের অর্জনের স্বীকৃতি প্রদান করা হয়েছে। মিস হিল 2002-এ MISCC তৈরির পর থেকে তার একজন সরকারি সদস্য হিসেবে নিযুক্ত ছিলেন। মিস হিল স্টেটের সেবায় তার কর্মজীবন শুরু করেন অ্যাসেম্বলির যোগাযোগ ও তথ্য সেবা ডিপার্টমেন্টের (Communication and Information Services Department) একজন লেখক হিসেবে। তিনি সিরাকিউজ ইউনিভার্সিটির ইউটিকা কলেজ (Utica College of Syracuse University) থেকে একটি ব্যাচেলর অফ সাইন্স ডিগ্রিধারী এবং নিউ ইয়র্কের লাথামের বাসিন্দা।

কিমের নেতৃত্বাধীন, প্রধান ডিজ্যাবিলিটি কর্মকর্তার অফিস স্টেট পলিসি, কর্মসূচী, এবং কর্মকাণ্ড যাতে সত্যিই অক্ষমতাসহ সকল মানুষের চাহিদা পূরণ করে তা নিশ্চিত করার মাধ্যমে নিউ ইয়র্ককে অন্তর্ভুক্তি, মিশ্রণ, এবং সুযোগের উপলভ্যতার একটি আদর্শ হিসেবে স্থাপন করবে। স্টেটব্যাপী বৈচিত্র্য, সমতা, এবং অন্তর্ভুক্তির ব্যাপারে একটি সার্বিক প্রচেষ্টা আরো মজবুত করার জন্য কিম স্টেটের নির্বাহী চেম্বারে (Executive Chamber) স্টেটের প্রধান ডাইভার্সিটি কর্মকর্তার সাথে একত্রে কাজ করবেন। এছাড়াও কিম স্টেটের অক্ষমতাসহ আমেরিকানদের অ্যাক্ট বাস্তবায়নের সমন্বয় করবেন এবং মোস্ট ইন্টিগ্রেটেড সেটিং কোঅর্ডিনেটেড কাউন্সিলের প্রধান হিসাবে দায়িত্ব পালন করবেন।

নিউ ইয়র্ক স্টেটের প্রধান ডিজ্যাবিলিটি কর্মকর্তা কিম্বার্লি টি. হিল বলেন, "নিউ ইয়র্ক স্টেটের প্রথম প্রধান ডিজ্যাবিলিটি কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করতে পারা একটি আজীবন

সম্মাননা। আমি ভালো সংস্থানসহ প্রধান ডিজ্যাবিলিটি কর্মকর্তার অফিসের নেতৃত্ব দেওয়ার জন্য উন্মুখ যাতে করে অক্ষমতাসহ সকল মানুষের বক্তব্য এবং অগ্রাধিকারকে সামনে আনতে পারি এবং আরো মিশ্র, অন্তর্ভুক্ত এবং উপলভ্য নিউ ইয়র্ক তৈরির জন্য কাজ করতে পারি। এই দুর্দান্ত সুযোগের জন্য গভর্নর হোকলকে ধন্যবাদ।"

স্টেটের সিনেটর জেমস স্কোফিস বলেন, "আমি প্রতিবন্ধী সম্প্রদায়ের এই অতি জরুরি মাইলফলকে পৌঁছানোর ব্যাপারে গভর্নর হোকলের সাথে যোগ দিতে পেরে সম্মানিত বোধ করছি। দীর্ঘ দিন ধরে, লাখ লাখ নিউ ইয়র্কবাসীর এজেন্সি পর্যায়ের সমর্থনের অভাব ছিলো যা তাদের জন্য অতি প্রয়োজনীয়। অ্যাডভোকেসি অফিসটির সৃষ্টির অর্থ হলো অক্ষমতা নিয়ে বেঁচে আছে যারা, অবশেষে তাদের টেবিলে একটি স্থান হলো এবং তাদের দৈনন্দিন জীবন সরাসরি প্রভাবিত করে এমন পলিসি ও কর্মসূচীতে তারা অবদান রাখতে পারবে।"

স্টেট সিনেটর জন ডব্লিউ ম্যানিওন বলেন, "নতুন প্রধান ডিজ্যাবিলিটি কর্মকর্তার অফিস তৈরির মাধ্যমে, গভর্নর ক্যাথি হোকল অক্ষমতাসহ নিউ ইয়র্কবাসীর অতি জরুরি সমস্যা সমাধানে তার কাজ বিস্তৃত করলেন। আমি অক্ষমতাসহ মানুষকে স্টেট সরকারের সর্বোচ্চ পর্যায়ে তাদের পক্ষে কথা বলার মানুষ নিয়োগের বিধিমালাটি সহ-স্পন্সর করতে পেরে গর্বিত। আমি অক্ষমতাসহ সম্প্রদায়কে প্রভাবিত করা সমস্যা সমাধানে গভর্নর হোকলের অব্যাহত অংশিদারিত্বের জন্য তার প্রতি এবং সংখ্যাগরিষ্ঠ নেতা অ্যান্ড্রিয়া স্টুয়ার্ট-কাজিন্স, সিনেটর জেমস স্কোফিস, এবং অ্যাসেম্বলি সদস্য স্টেকের নেতৃত্বের জন্য তাদের প্রতি কৃতজ্ঞ।"

অ্যাসেম্বলি সদস্য ফিল স্টেক বলেন, "আমি এই বিধিমালার মূল্য অনুধাবন করে এটিকে আইন হিসেবে স্বাক্ষর করার জন্য গভর্নর হোকলের প্রশংসা করছি। আমার জন্য এটি বিস্ময়কর যে 3 মিলিয়ন অক্ষমতাসহ নিউ ইয়র্কবাসী রয়েছে এবং স্টেটের সরকারে তাদের প্রতিনিধিত্ব করে পলিসির ক্ষেত্রে তাদের পক্ষে কথা বলবে এমন কেউ ছিলো না। এটি নিউ ইয়র্ক স্টেটে অক্ষমতা নিয়ে বেঁচে থাকা মানুষের জন্য একটি বিশাল পদক্ষেপ। সম্প্রদায়টি কিম হিলের নেতৃত্বের অবস্থানে থাকা দ্বারা লাভবান হবে।"

অ্যাসেম্বলি সদস্য টম অ্যাবিনান্টি বলেন, "পদটি দ্রুত পূরণ করে কিম্বার্লি হিলকে প্রধান ডিজ্যাবিলিটি কর্মকর্তা হিসেবে নিয়োগ দেওয়ার জন্য আমি গভর্নরের প্রশংসা করছি। গভর্নর হোকল প্রতিবন্ধী সম্প্রদায়ের পক্ষে কথা বলার জন্য একজন নিবেদিত ব্যক্তির প্রয়োজন বুঝেন, যে অক্ষমতাসহ নিউ ইয়র্কবাসীরা যে বিশেষ বিশেষ সমস্যার সম্মুখীন হয় তার সাথে এবং সে ব্যাপারে সাহায্য করতে সরকার কী করতে পারে তার সাথে পরিচিত।"

হাডসন ভ্যালির ইন্ডিপেন্ডেন্ট লিভিং সেন্টারের (Independent Living Center of the Hudson Valley) নির্বাহী পরিচালক ডেনিস ফিগুয়েরো বলনে, "প্রতিবন্ধী সম্প্রদায় স্টেট সরকারে বক্তব্য রাখার জন্য অনেক বছর অপেক্ষা করেছে। আমরা গভর্নর হোকলকে এই অফিস তৈরির ব্যাপারে তার নেতৃত্বের জন্য এবং আরো গুরুত্বপূর্ণভাবে অক্ষমতা সংশ্লিষ্ট সমন্বিত পলিসির প্রয়োজনকে স্বীকৃতি দানের জন্য তাকে ধন্যবাদ জানাতে চাই। আমরা একত্রে কাজ করে অন্য স্টেটগুলির জন্য অনুসরণীয় উদাহরণ তৈরি করতে অধীর আগে অপেক্ষা করছি।"

ডিজ্যাবিলিটি রাইটস সেন্টারের (Center for Disability Rights) প্রধান নির্বাহী কর্মকর্তা ব্রুস ডার্লিং বলেন, "স্টেটের প্রতি কোনায় বসবাসরত ডিজ্যাবিলিটি রাইটস সেন্টারের 7,000 সদস্যের পক্ষে, আমি এই অতিশয় জরুরি গুরুত্বপূর্ণ বিধিমালাকে স্বাক্ষর করার জন্য গভর্নর হোকলকে ধন্যবাদ জানাতে চাই, যা নিশ্চিত করে যে মূক ও প্রতিবন্ধী নিউ ইয়র্কবাসীরা যাতে স্টেটের সরকারে কার্যকরভাবে প্রতিনিধিত্ব করতে পারে এবং স্টেট পরিষেবার উপলভ্যতার ব্যয়ভার বহন করতে পারে।"

নিউ ইয়র্ক সাইকিয়াট্রিক রিহ্যাবিলিটেশন সার্ভিসেসের অ্যাসোসিয়েশনের (New York Association of Psychiatric Rehabilitation Services) প্রধান নির্বাহী কর্মকর্তা হার্ভি রোজেনথাল বলেন, "অক্ষমতাসহ 3 মিলিয়নের বেশি নিউ ইয়র্কবাসীর জন্য আশা, প্রতিশ্রুতি এবং সমর্থনের বার্তা প্রেরণকারী ঐতিহাসিক এই মুহূর্তের জন্য গভর্নর হোকলের অনেক ধন্যবাদ প্রাপ্য। অবশেষে আমাদের একজন সদস্যকর্মী ও অফিস থাকবে যা আমাদের বিস্তৃত সম্প্রদায়ের অধিকার ও চাহিদাকে সুরক্ষিত ও প্রচার করবে এবং এমন একজন গভর্নর থাকবে যিনি স্টেটব্যাপী আবাসন, কর্মসংস্থান এবং পরিবহন ব্যবস্থা বৃদ্ধির জন্য লক্ষ্য স্থিরকারী পরিকল্পনা তৈরিতে প্রতিশ্রুতিবদ্ধ।"
নিউ ইয়র্ক ইন্ডিপেন্ডেন্ট লিভিং অ্যাসোসিয়েশনের (New York Association on Independent Living) অ্যাডভোকেসি পরিচালক মেগান পার্কার বলেন, "আমরা গভর্নর হোকলকে একটি প্রধান ডিজ্যাবিলিটি কর্মকর্তার অফিস তৈরির ব্যাপারে তার নেতৃত্বের জন্য ধন্যবাদ জানাচ্ছি। অফিসটি স্থাপন করার মাধ্যমে, গভর্নর হোকল ইতিমধ্যেই নিজেকে প্রতিবন্ধী সম্প্রদায়ের চাহিদার ব্যাপারে সাড়াদানকারী হিসেবে আলাদা করেছেন। আমরা আগামীতে স্টেটব্যাপী প্রতিবন্ধী মানুষেরা যে ব্যাপক সমস্যার সম্মুখীন হচ্ছে তার সমাধানে হোকল প্রশাসন এবং এই অফিসের সাথে কাজ করার জন্য উন্মুখ।"

স্টেটের ব্লাইন্ড ভেন্ডরস কমিটির (State Committee of Blind Vendors) প্রধান ক্যারেন ব্ল্যাচোউইচ বলেন, "নিউ ইয়র্ক স্টেটের ব্লাইন্ড ভেন্ডরস কমিটির পক্ষ থেকে, আমরা প্রধান ডিজ্যাবিলিটি কর্মকর্তার অফিস তৈরির জন্য গভর্নরকে ধন্যবাদ জানাতে চাই। গভর্নরের স্টেট অফ দ্য স্টেটে যেমনটি বলা হয়েছে, বিজনেস এন্টারপ্রাইজ কর্মসূচীটি (Business Enterprise Program) আইনগতভাবে অন্ধ নিউ ইয়র্কবাসীদেরকে চাকরির সুযোগ প্রদান করে। আমরা আমাদের স্টেটের কঠোর পরিশ্রমী অন্ধ উদ্যোক্তাদের স্বীকৃতি প্রদান করার জন্য তার প্রশংসা করছি এবং নিউ ইয়র্ক স্টেটের র‍্যান্ডলফ শেপার্ড অ্যাক্টের অধীনে অন্ধ ভেন্ডরদের যেই অগ্রাধিকার প্রদান করা হয়েছে তার স্বীকৃতি প্রদান করার জন্য তাকে ধন্যবাদ জানাই। নিউ ইয়র্ক স্টেটের ব্লাইন্ড ভেন্ডরস কমিটি বিজনেস এন্টারপ্রাইজ কর্মসূচী উন্নত ও সম্প্রসারিত করার পন্থা চিহ্নিত করতে প্রধান ডিজ্যাবিলিটি কর্মকর্তার সাথে কাজ করার জন্য উন্মুখ।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418